

দ্বিতীয় ধাপের উপজেলা নির্বাচন : মধ্যরাতে প্রচারণা শেষ

দ্বিতীয় ধাপের পঞ্চম উপজেলা পরিষদ নির্বাচনের প্রচার-প্রচারণা শেষ হচ্ছে আজ শনিবার (১৬ মার্চ) মধ্যরাতে।

নির্বাচনি এলাকার আইনশৃঙ্খলা রক্ষায় মোতায়েন থাকবে পুলিশ, বিজিবি, র‌্যাব, আনসার-ভিডিপি, কোস্টগার্ড, আর্মড পুলিশ ও ব্যাটালিয়ন আনসার।

পঞ্চম উপজেলা পরিষদ নির্বাচনের দ্বিতীয় ধাপে সোমবার (১৮ মার্চ) দেশের ১৭ জেলার ১১৭ উপজেলায় ভোটগ্রহণ করা হবে। চট্টগ্রাম, পাবনা কক্সবাজার, রাজশাহী, খাগড়াছড়ি, বান্দরবান, সিলেট ও মৌলভীবাজারের বিভিন্ন উপজেলায় ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

ভোটের দিন ওইসব এলাকা এড়িয়ে যাওয়ার পরামর্শ দিয়েছে ইসি। তবে জরুরি ও অনুমোদিত বাহনের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। একইসঙ্গে জাতীয় মহাসড়কে এ নিষেধাজ্ঞা শিথিল থাকবে।

এ ব্যাপারে ইসির এক সতর্ক বার্তায় নির্বাচন কমিশনের সহকারী পরিচালক (জনসংযোগ) আশাদুল হক বলেন, ১৫ থেকে ১৭ মার্চ সরকারি ছুটি থাকায় চট্টগ্রাম, পাবনা কক্সবাজার, রাজশাহী, খাগড়াছড়ি, বান্দরবান, সিলেট ও মৌলভীবাজারের পর্যটন এলাকাগুলোতে বেশি সংখ্যক পর্যটক সমাগমের সম্ভাবনা রয়েছে। যানবাহন ও অন্যসব কারণে পর্যটকরা যাতে কোনো সমস্যায় না পড়েন সেজন্য আগে থেকে এসব এলাকায় যেতে আগ্রহী পর্যটকদের নিরুৎসাহিত করতে স্থানীয় পর্যটক সংস্থা, হোটেল, রেস্ট হাউস ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে।

দ্বিতীয় ধাপের নির্বাচনকে কেন্দ্র করে রবিবার মধ্যরাত থেকে সোমবার মধ্যরাত পর্যন্ত নির্বাচনি এলাকায় কিছু যানবাহন চলাচলে নিষেধাজ্ঞা রয়েছে। নির্বাচনের দুদিন আগে থেকে ভোটের দিন মধ্যরাত পর্যন্ত মোটরসাইকেল চলাচলে নিষেধাজ্ঞা রয়েছে।